শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশীনাথপুর, পাবনা।

ফোন ঃ অফিস ঃ ০৭৩৩২-৫৪২৮৮
E-Mail :gmppbs2@gmail.com
Web:www. pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২১. ৪৬৭৯

তারিখঃ ০২ নভেম্বর, ২০২১ খ্রিঃ।
১৭ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২১.২৬১১, তারিখ-০১/১১/২০২১ খ্রিঃ।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিতঃ২০১২) মোতাবেক পদোন্নতির জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পবিসে কর্মরত আগ্রহী ওয়্যারিং পরিদর্শকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো-অর্ডিনেটর | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন। | ক) পবিসে কর্মরত ওয়্যারিং পরিদর্শক হিসাবে নূন্যতম ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা এবং ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ওয়্যারিং পরিদর্শক হিসাবে নিয়মিতভাবে নূন্যতম ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>গ) বর্ণিত পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।<br>ঘ) সর্বশেষ ৩ (তিন) বছরের কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ এ বর্ণিত শর্তাবলী পূরন হতে হবে। |

**আবেদন করার পদ্ধতি ঃ**

উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের স্বহস্তে লিখিত আবেদন পত্রের সাথে (জীবন বৃত্তান্ত) সহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের প্রতিবেদনের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা/ সার্কুলার মোতাবেক বাপবিবো কর্তৃক আয়োজিত প্রশিক্ষনের ফলাফলের ফটোকপি এবং বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের ফটোকপি, এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক প্রত্যায়ন পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ, সুপারিশ ও বিনা আপত্তির সনদ সংযুক্ত করতে হবে (যদি থাকে/ না থাকে)। আগামী ১১/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১-০০ ঘটিকার মধ্যে আবেদনপত্রসহ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, কাশিনাথপুর, পাবনা এ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

**শর্তাবলী ঃ**

০১। **পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো- অর্ডিনেটর** পদে পদোন্নতির ক্ষেত্রে কোন জেলাকোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভোগোলিক এলাকার প্রার্থী অর্থাৎ পাবনা জেলার সাঁথিয়া, বেড়া, সুজানগর উপজেলা, পাবনা সদর উপজেলার আতাইকুলা, সাদুল্ল্যাপুর, চরতারাপুর, ভাড়ারা, দোগাছি ও গয়েশপুর ইউনিয়ন ও আটঘরিয়া উপজেলার লক্ষীপুর ইউনিয়ন, মানিকগঞ্জ জেলার দৌলতপুর ও রাজবাড়ী জেলার গোয়ালন্দ, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার চারসাদীপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার রুপবাটি ও পোতাজিয়া ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দাগনের আবেদন করার প্রয়োজন নেই।

০২। **পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো- অর্ডিনেটর** পদে পদোন্নতির জন্য ওয়্যারিং পরিদর্শক হিসাবে ১০(দশ)/ ০৫(পাঁচ) (প্রযোজ্য ক্ষেত্রে) বছর অভিজ্ঞতার স্বপক্ষে যোগদান ও নিয়মিত করন পত্রের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য সকল প্রশিক্ষণ কোর্সের ফলাফলের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক প্রত্যায়ন পূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশীনাথপুর, পাবনা।

ফোন ঃ অফিস ঃ ০৭৩৩২-৫৪২৮৮
E-Mail :gmppbs2@gmail.com
Web:www. pbs2.pabna.gov.bd



০৩॥ **পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো- অর্ডিনেটর** পদে পদোন্নতির জন্য মৌখিক নির্বাচনী পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবেনা ঃ

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরু দন্ড প্রাপ্ত হয়েছেন (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ (এক)বার গুরুদন্ড এবং ০১ (এক) বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন (ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘূদন্ড প্রাপ্ত হয়েছেন (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন(ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪॥ "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২, সংশোধিত ২০১২" এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুসরণে **পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো- অর্ডিনেটর** পদে পদোন্নতি প্রদান করা হবে।

০৫॥ ইতোপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫॥ অত্র সমিতি বোর্ডের বোর্ড পরিচালক/মহিলা পরিচালক কিংবা সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারীর বা উভয়ের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৬॥ প্রকৃত তথ্য গোপন করে যদি কেউ অত্র পবিসে **পাওয়ার ইউজ-কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো-অর্ডিনেটর** পদে নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে যদি তা উদঘাটিত হয় তাহলে কোন ধরনের তদন্ত ব্যাতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরী থেকে অপসারন করা হবে।

০৭॥ পরীক্ষায়/ সাক্ষাতকারে অংশগ্রহনের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮॥ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯॥ শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭/১১/২১
(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ / পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..............................................পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম, সুজানগর/আতাইকুলা/কারিগরী/বেড়া জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৫। এজিএম (ওএন্ডএম) সাঁথিয়া /বাঁধেরহাট সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/অর্থ/ইএন্ডসি),পাবনা পবিস-২।
০৭। নোটিশবোর্ড/ওয়েবসাইট, পাবনা পবিস-২।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

২৭/১১/২১
(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
জেনারেল ম্যানেজার